

## সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ

স্থাপিতঃ ১৯০৩ খ্রি, ডাকঘরঃ সিলেট, জেলাঃ সিলেট।

ফোনঃ ০৮২১-৭১৬২৩৭, ই-মেইল : gaghsc@gmail.com, ওয়েবসাইট : www.gaghscsyl.edu.bd

EIIN: 130399

তারিখঃ ০২/১২/২০২১খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট এর উদ্যোগে স্বাস্থ্যবিধি মেনে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণর জন্য নির্দেশ প্রদান করা হলো।

তারিখ, সময় ও রবিবার ১২/১২/২০২১খ্রি.	শ্রেণি ও বিভাগ	বিষয় ও কক্ষ নং
সকাল ১১:৩০ মিনিট	'ক' বিভাগ ৩য় - ৫ম শ্রেণি	আবৃত্তি : রৌদ্র লেখে জয় কবি- শামসুর রাহমান কক্ষ নং- ২০২ গান : দেশাত্ত্ববোধক গান কক্ষ নং- ২০৩
সকাল ১১:৩০ মিনিট	'খ' বিভাগ ৬ষ্ঠ - ৮ম শ্রেণি	আবৃত্তি : স্বাধীনতা তুমি কবি- শামসুর রাহমান কক্ষ নং- ২০৪ গান : মুক্তিযুদ্ধভিত্তিক গান কক্ষ নং- ২০৫
সকাল ১১:৩০ মিনিট	'গ' বিভাগ ৯ম - ১১শ শ্রেণি	আবৃত্তি : স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো। কবি- নির্মলেন্দু গুণ কক্ষ নং- ৩০৭ গান : স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত গান কক্ষ নং- ১০১


 প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

 সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ,  
সিলেট।

 মমতাজ বেগম  
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
সরকারি অগ্রগামী বালিকা উচ্চ  
বিদ্যালয় ও কলেজ, সিলেট।

# রৌদ্র লেখে জয়

শামসুর রাহমান

বর্গি এলো খাজনা নিতে,  
মারল মানুষ কত।  
পুড়ল শহর, পুড়ল শ্যামল  
গ্রাম যে শত শত।

হানাদারের সঙ্গে জোরে  
লড়ে মুক্তিসেনা,  
তাদের কথা দেশের মানুষ  
কখনো ভুলবে না।

আবার দেখি নীল আকাশে  
পায়রা মেলে পাখা,  
মা হয়ে যায় দেশের মাটি,  
তার বুকেতেই থাকা।

কাল যেখানে আঁধার ছিল  
আজ সেখানে আলো।  
কাল যেখানে মন্দ ছিল,  
আজ সেখানে ভালো।

কাল যেখানে পরাজয়ের  
কালো সন্ধ্যা হয়,  
আজ সেখানে নতুন করে  
রৌদ্র লেখে জয়।